# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 16-07-2026** **Time: 7.35 AM**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু হচ্ছে।

২) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রাজ্যে বিনিয়োগ বৃদ্ধি নিয়ে নবান্নে ফ্লিপকার্ট গ্রুপের সিইও কল্যাণ কৃষ্ণ মূর্তির সঙ্গে বৈঠক করেছেন।

৩) রাজ্যে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলির আর্থিক কার্যকলাপ অডিটের জন্য ক্যাগকে চিঠি দিয়েছে উচ্চ শিক্ষা দফতর।

৪) প্রভু জগন্নাথ দেবের আজ রথযাত্রা। রাজ্য জুড়ে উৎসবের আবহ।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মধ্য কলকাতার এলবার্ট রোডে আজ ইসকনের রথযাত্রা উৎসবের সূচনা করবেন।

৫) পূর্ব মেদিনীপুরের দীঘা-নন্দকুমার জাতীয় সড়কে পথ দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু।

৬) হাওড়ার ডোমজুড়ে দশম শ্রেণীর ছাত্রীকে কুপিয়ে খুন। ধৃত আততায়ী।

৭) কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির পূর্বাভাস। দার্জিলিং এবং কালিম্পং জেলাতেও ভারি বৃষ্টির সম্ভাবনা।

--------------------------------------------------------------------------------

-

বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু হচ্ছে। ২০ থেকে ২৪ জুলাই পর্যন্ত বিভিন্ন দফতরের বাজেট নিয়ে ধারাবাহিক আলোচনা হবে। ২৫ জুলাই পাশ হওয়ার কথা অ্যাপ্রোপ্রিয়েশন বিল ও অর্থ বিল। পাশাপাশি নতুন কয়েকটি বিলও আনা হতে পারে।

প্রাথমিক সূচি অনুযায়ী, ২০শে জুলাই স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন এবং পরিবহণ দফতরের বাজেট নিয়ে আলোচনা হবে। ২১ জুলাই উচ্চশিক্ষা, স্কুলশিক্ষা এবং শিল্প ও বাণিজ্য দফতরের বাজেট, ২২ জুলাই মুখ্যমন্ত্রীর অধীনস্থ স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতর, ২৩ তারিখ উত্তরবঙ্গ উন্নয়ন, ক্রীড়া ও যুবকল্যাণ এবং পর্যটন দফতরের বাজেট নিয়ে বিতর্ক হবে। পুর ও নগরোন্নয়ন এবং জনস্বাস্থ্য কারিগরি দফতরের বাজেট নিয়ে আলোচনা নির্ধারিত হয়েছে ২৪ জুলাই। বাকি দফতরগুলির বাজেট গিলোটিন প্রক্রিয়াতেই পাস হওয়ার সম্ভাবনা রয়েছে।

-----------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল নবান্নে ফ্লিপকার্ট গ্রুপের সিইও কল্যাণ কৃষ্ণ মূর্তির সঙ্গে বৈঠক করেছেন। উপস্থিত ছিলেন সংস্থার চিফ কর্পোরেট অফিসার রজনীশ কুমার এবং অন্য শীর্ষ স্থানীয় আধিকারিকরা। কৃষি পণ্য, কারিগর ও তাঁত শিল্পে সহায়তা, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে উৎসাহ দান, খাদ্য প্রক্রিয়াকরণ, স্টার্টআপ, নতুন উদ্ভাবনের পরিমন্ডল গড়ে তোলা, যুব সমাজের দক্ষতা বৃদ্ধি, কর্ম সংস্থান ইত্যাদি বিষয়ে বৈঠকে কথা হয়েছে। ডিজিটাল বাণিজ্যের মাধ্যমে রাজ্যের বিভিন্ন পণ্যের বাজার আরও শক্তিশালী করার পন্থা পদ্ধতি নিয়েও আলোচনা করেছেন তাঁরা। পশ্চিমবঙ্গে তাদের বিনিয়োগ আরও বাড়ানোর ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে ফ্লিপকার্ট।

উল্লেখ্য, রাজ্যে পালাবদলের পর থেকেই নতুন শিল্প স্থাপন ও বিনিয়োগ বৃদ্ধির বিষয়ে তৎপর নতুন সরকার। একাধিক শিল্প গোষ্ঠীর নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী।

পূর্ব মেদিনীপুরের দাদনপাত্রবাড়ে গভীর সমুদ্র বন্দর তৈরির জন্য তৎপরতা তুঙ্গে। জাপানের বহুজাতিক শিল্প সংস্থা মিৎসুবিশি ইতোমধ্যেই রাজ্যে সেমিকন্ডাক্টর কেন্দ্র গড়ার প্রস্তাব দিয়েছে।

----------------

রাজ্যে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলির আর্থিক লেনদেন এবং সরকারি অনুদানের ব্যবহার অডিট করার উদ্দেশে কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল - সিএজিকে চিঠি দিয়েছে উচ্চ শিক্ষা দফতর। কেন্দ্র ও রাজ্য সরকারের অনুদান, বেতন ও পেনশন বাবদ অর্থের ব্যবহার, প্রতিষ্ঠানের নিজস্ব আয়-ব্যয়ের হিসাব, ফি সংগ্রহ নিয়মমাফিক হচ্ছে কিনা, তা খতিয়ে দেখতেই এই উদ্যোগ।

উল্লেখ্য, এর আগে উচ্চ শিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছিলেন, পূর্বতন এবং বর্তমান উপাচার্যদের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ জমা পড়েছে, তা পর্যালোচনা করা হবে।

----------------

উচ্চ মাধ্যমিকে সেমিস্টার পরীক্ষা থাকায় চলতি বছর অক্টোবর মাসে নির্ধারিত চতুর্থ শ্রেণির বৃত্তি পরীক্ষার সময় সূচির পরিবর্তন করা হয়েছে। পর্ষদ জানিয়েছে, ৮ই অক্টোবর থেকে ১৩ ই অক্টোবর পর্যন্ত বৃত্তি পরীক্ষা হবে। আগে তা নির্ধারিত ছিল ৫ থেকে ৮ অক্টোবর পর্যন্ত। ৭ই অক্টোবর পর্যন্ত উচ্চ মাধ্যমিকের সেমিস্টার পরীক্ষা চলায় বৃত্তি পরীক্ষার সেন্টার ,সংশ্লিষ্ট স্কুলগুলিতে করা সম্ভব হবে না।

৮ই অক্টোবর বাংলা, ৯ তারিখ গণিত, ১২ তারিখ ইতিহাস-ভূগোল-বিজ্ঞান এবং ১৩ই অক্টোবর, ইংরেজি পরীক্ষা হবে বলে প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদের সম্পাদক, অধ্যাপক অনুরূপা দাস জানিয়েছেন।

----------------

মেয়ো রোডে গান্ধী মূর্তির পাদদেশে ২১ জুলাই-এ শহীদ দিবসের সমাবেশ নিয়ে গতকাল প্রস্তুতি বৈঠক করেছেন বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বধীন তৃণমূল কংগ্রেসের বিক্ষুব্ধ শিবির। বৈঠকের পর মদন মিত্র, অনুব্রত মন্ডল, চন্দ্রিমা ভট্টাচার্য্যের মত নেতৃত্বকে পাশে নিয়ে সাংবাদিকদের ঋতব্রত বলেন, ২১ জুলাইয়ের মঞ্চ কোনো বিনোদনের জায়গা নয়। শহীদদের স্মরণ করার এই দিনে কোনো নেতা বা সেলিব্রিটি মঞ্চের সামনের সারিতে থাকবেন না। থাকবেন শহীদ পরিবারের প্রতিনিধিরা। সমাবেশে সভাপতিত্ব করবেন ঋতব্রত পন্থী তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান অরূপ রায়। গান্ধী মূর্তির নীচে সমাবেশকে ঘিরে পরিবহণ, কর্মী সমন্বয়, প্রচার কৌশল এবং সর্বস্তরের কর্মীদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

বাইট- ঋতব্রত

এদিকে, কলকাতা হাইকোর্ট, মমতা ব্যানার্জী পন্থী তৃণমূল কংগ্রেসকে, বিড়লা প্ল্যানেটরিয়ামের কাছে ২১শে জুলাই শহীদ দিবস পালনের অনুমতি দিয়েছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন, দুপুর ১২ টা থেকে সাড়ে ৩'টে পর্যন্ত সর্বাধিক আড়াই হাজার কর্মী সমর্থক নিয়ে সমাবেশ করা যাবে। ১৮ জুলাই বিকেল ৪টের মধ্যে ২০ জন স্বেচ্ছাসেবকের নাম পুলিশের কাছে জমা দিতে হবে। অন্য দিকের রাস্তা দিয়ে যান চলাচল নিশ্চিত করবেন ওই স্বেচ্ছাসেবকরা।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, সভার জন্য আদালতের অনুমতি মিললেও পুলিশ-প্রশাসন কতটা নিরপেক্ষ থাকবে, তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন, সভায় নানাভাবে বিঘ্ন ঘটানোর চেষ্টা হবে।

বাইট-মমতা

দলত্যাগীদের কটাক্ষ করে তিনি বলেন, যাদের বিরুদ্ধে একসময় নানা অভিযোগ উঠেছিল, রাজনৈতিক শিবির পরিবর্তনের পর তাঁদের ভাবমূর্তি বদলে যাচ্ছে।

উল্লেখ্য, দলের একাধিক প্রথম সারির নেতার পর কামারহাটির বিধায়ক মদন মিত্রও ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন বিক্ষুব্ধ শিবিরে গতকাল যোগ দিয়েছেন। সমস্ত সাংগঠনিক পদ থেকে ইস্তফা দিয়েছেন তিনি।

বিজেপির মুখপাত্র দেবজিৎ সরকার বলেছেন, মানুষ আর তৃণমূল কংগ্রেসের সঙ্গে নেই। দলটি অবলুপ্তির পথে।

বাইট দেবজিৎ

তৃণমূল কংগ্রেসের ভাঙনের ঘটনার প্রবাহ পাঠ্য বইয়ের অধ্যায় হওয়া উচিত বলে কটাক্ষ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

বাইট অধীর

----------------

প্রভু জগন্নাথ দেবের আজ রথযাত্রা। বলভদ্র ও দেবী সুভদ্রাকে সঙ্গে নিয়ে রথে চড়ে জগন্নাথ দেব যাবেন মাসির বাড়ি। ৯ দিন তারা সেখানেই থাকবেন। ওড়িশার পুরী, রাজ্যে হুগলির মাহেশ, গুপ্তিপাড়া, পূর্ব মেদিনীপুরের মহিষাদল, হাওড়ার আন্দুল, বাঁকুড়ার

বিষ্ণুপুর, কোচবিহারের মদনমোহন, নদীয়ার মায়াপুরের ইসকন, কলকাতার ইস্কনে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রথযাত্রার আয়োজন চলছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী  মধ্য কলকাতার এলবার্ট রোডে আজ বেলা ১২ টা নাগাদ ইসকনের রথযাত্রার সূচনা করবেন।

বিকেলে পূর্ব মেদিনীপুরের মেচেদায় ইসকনের রথ যাত্রায় যোগ দেবেন তিনি।

ঠাকুর শ্রীরামকৃষ্ণ-এর স্মৃতি বিজড়িত বাগবাজার বলরাম মন্দিরের রথ, উত্তর কলকাতার বাগবাজার জগন্নাথ মহাপ্রভু মন্দির পরিচালন সমিতি, উত্তর ২৪ পরগনার রথতলা শ্রী শ্রী জগন্নাথ মহাপ্রভু মন্দির কমিটি, খিদিরপুরে শ্রী জগন্নাথ সেবা সমিতি, প্রতিবারের মতো এবার'ও মহা সমারোহে রথ যাত্রার আয়োজন করছে।

ইতোমধ্যেই জগন্নাথ মন্দিরগুলিতে পূজার্চনা শুরু হয়েছে। কচিকাচারা বিকেল হলেই ফুর বাহারি পাতায় সাজানো রকমারি রথ নিয়ে রাস্তায় বেরোবে।

এদিকে, রথযাত্রার উৎসবের আবহে আজ শহরের রাজপথে দেখা যাবে এক অভিনব ট্রামযাত্রা। রথের সাজে সজ্জিত ট্রামে চড়ে শহরে ঘুরবেন জগন্নাথ, বলরাম, সুভদ্রা। গড়িয়াহাট থেকে ধর্মতলা পর্যন্ত এই বিশেষ ট্রামযাত্রার উদ্বোধন করবেন পরিবহনমন্ত্রী অর্জুন সিং।

-----------------

দক্ষিণ ২৪ পরগনার সুন্দরবন এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি মেনে ঝড়খালি–ক্যানিং–বারুইপুর সরকারি বাস পরিষেবার সূচনা হয়েছে। বাসন্তী বিধানসভার অন্তর্গত ঝড়খালি থেকে গতকাল নতুন এই পরিষেবার উদ্বোধন করেন সুন্দরবন উন্নয়নমন্ত্রী দীপঙ্কর জানা। এই রুট চালু হওয়ায় চিকিৎসা, শিক্ষা, ব্যবসা ও নিত্যপ্রয়োজনীয় কাজে

সুন্দরবনের বাসিন্দাদের যাতায়াত অনেকটাই সহজ হবে বলে আশা করা হচ্ছে। বৈধ পরিচয়পত্র দেখিয়ে মহিলারা এই সরকারি বাসে বিনামূল্যে যাতায়াত করতে পারবেন।

-----------------

পূর্ব মেদিনীপুরে দীঘা-নন্দকুমার জাতীয় সড়কে পথ দুর্ঘটনায় চার জনের মৃত্যু হয়েছে। আহত দু'জন তমলুক জেলা হাসপাতালে চিকিৎসাধীন। আজ ভোর রাতে হেঁড়িয়ার কাছে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা বাসে একটি লরি এসে ধাক্কা দিলে এই বিপত্তি। বাসের মালিক, দুই চালক ও এক কর্মীর মৃত্যু হয়েছে।

-----------------

হাওড়ার ডোমজুড়ে দশম শ্রেণীর এক ছাত্রীকে কুপিয়ে খুনের অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। গতসন্ধ্যায় স্কুল থেকে ফেরার সময়ে ঐ ছাত্রীকে প্রকাশ্য রাস্তায় সমীর দাস নামে বছর ২৫ এর ঐ যুবক আচমকাই কোপাতে শুরু করে। ঘটনাস্থলে উপস্থিত পথচারীরা দ্রুত ছুটে এসে অভিযুক্তকে ধরে ফললে গণপিটুনি দেয়। পরে পুলিশ পৌঁছে অভিযুক্তকে নিজেদের হেফাজতে নেয়। গুরুতর আহত ঐ ছাত্রী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। প্রণয় ঘটিত কারণেই এই ঘটনা বলে প্রাথমিক অনুমান।

-----------------

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন উত্তর ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলের ওপর থাকা নিম্নচাপ ধীরে ধীরে উত্তর পশ্চিমে এগোচ্ছে। আগামীকালের মধ্যে তা সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবে। এছাড়া সক্রিয় মৌসুমী অক্ষরেখা রাজ্যের উপর দিয়ে যাওয়ায় আজ রথ যাত্রার দিন বহু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস। দক্ষিণবঙ্গের পূর্ব-পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া এবং পুরুলিয়ার ভারি থেকে অতি ভারী বৃষ্টির কমলা

সর্তকতা। এছাড়া কলকাতা, দুই ২৪ পরগনা, হাওড়া ও হুগলি জেলায় ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। ইতোমধ্যেই কলকাতা ও তার আশেপাশে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে।

মৎস্যজীবীদের আগামী শনিবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং জেলায় আজ ভারী বৃষ্টির পূর্বাভাস। আগামী রবিবার থেকে উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

---------------- ----------------